৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) 'পৃথিবীর গভীর গভীরতর অসুখ এখন।
মানুষ তবুও ঋণী পৃথিবীরই কাছে।' — 'গভীরতর অসুখ' বলতে কবি কী বুঝিয়েছেন? এই 'গভীরতর অসুখ' থেকে পরিত্রাণের কোন্ সদর্থক জীবনভাবনা কবি দিয়েছেন - আলোচনা করো।

খ) দৈনন্দিন চাওয়া পাওয়ার বাইরের যে অপ্রত্যাশাজনিত অতৃপ্তি মানুষকে মৃত্যুর পথে ঠেলে দেয় তা 'আট বছর আগের একদিন' কবিতা অবলম্বনে লেখো।

গ) 'ঐকতান' কবিতাটিতে কবির আত্মসমীক্ষার যে সুর ফুটে উঠেছে তা নিজের ভাষায় লেখো।

ঘ) 'শুভক্ষণ' কবিতায় কবির কল্পনা সৌন্দর্যবোধ কীভাবে স্ফুরিত হয়েছে তা বুঝিয়ে দাও।

______________





# ২০২৫
# বাংলা
## (অনার্স)
## (সি বি সি এস পদ্ধতি অনুযায়ী পুরাতন পাঠক্রম)
## চতুর্থ সেমেস্টার
## কোর্স কোড : BNG-H-CC-T-10
## (বাংলা কাব্য-কবিতা)
## [CBCS]

পূর্ণমান : ৬০ সময় : ২.৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।
প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) 'ভারতেরে সেই স্বর্গে করো জাগরিত' — কোন্ কবিতার পংক্তি? এখানে কে ভারতকে কোন্ স্বর্গে জাগরিত করার জন্য বলেছেন?

খ) 'ভারততীর্থ' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত? কবিতাটি প্রথম কোন্ পত্রিকায় কী নামে প্রকাশিত হয়েছিল?

গ) 'নারী' কবিতাটিতে নজরুলের রোমান্টিক ভাবনার পরিচয়কে দুটি পংক্তিতে উদ্ধৃত করো।

(পরের পাতায়)

ঘ) স্বাধীনতা পাওয়ার জন্য যে কৃষক, মাঝি, রিক্‌শাওয়ালা স্বপ্ন দেখেছিল, তাদের নাম কী কী ছিল?

ঙ) 'আমার নাম ভারতবর্ষ' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত? কবিতাটি কটি স্তবকে রচিত?

চ) 'একলা হয়ে দাঁড়িয়ে আছি

তোমার জন্যে গলির কোণে' —

কোন্ কবিতার পংক্তি? কেন তিনি গলির মোড়ে দাঁড়িয়ে আছেন?

ছ) 'সংসারে সন্ন্যাসী লোকটা'-র অসুখ কী? লোকটা কী পাগল?

জ) সংসারে সন্ন্যাসী লোকটার শরীরে কোন্ অস্ত্রের আঘাত পড়েছিল?

ঝ) 'প্রার্থনা' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের কত সংখ্যক কবিতা?

ঞ) জলপাই রঙের ট্যাঙ্ককে কবি দানব বলেছেন কেন?

ট) 'সাম্যবাদী' কবিতাটি কোন্ পত্রিকায় কবে প্রকাশিত হয়? এই কবিতায় কোন্ বিপ্লবের ইঙ্গিত রয়েছে?

ঠ) 'ঐকতান' কবিতাটি কাব্যের কত সংখ্যক কবিতা? কাব্যের প্রকাশকাল লেখো।

ড) 'শুভক্ষণ' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত? কবিতাটি কবে কোন্ পত্রিকায় প্রকাশিত হয়?



ঢ) 'এ যে বড় বিস্ময়'-কার লেখা কোন্ কবিতার অংশ? বিস্ময় জাগার কারণ কী?

ণ) 'দেবী' কবিতায় ভিখিরি বালক কী করে?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) 'একটি নতুন পৃথিবীর জন্ম হতে চলেছে'— কীভাবে নতুন পৃথিবীর জন্ম হতে চলেছে?

খ) 'বন্যার গ্রাসে শত শত দুর্গতরা

এসো দেবী এসো বন্যাত্রাণের শিবিরে' — দেবীকে কবি কীরূপে মর্ত্যে আগমনের জন্য প্রার্থনা করেছেন?

গ) 'আর কতবার ভাসতে হবে রক্তগঙ্গায়?

আর কতবার দেখতে হবে খাণ্ডবদাহন?

—'খাণ্ডবদাহন' বলতে কোন্ পৌরাণিক প্রসঙ্গের ইঙ্গিত দেওয়া হয়েছে? কবি এখানে কোন্ রাজনৈতিক আন্দোলনের প্রেক্ষাপট তাৎপর্যপূর্ণ করে তুলেছেন ব্যাখ্যা করো।

ঘ) 'তবু যে দুঃখ তারি বড় নয়'—অংশটির তাৎপর্যটি বিশ্লেষণ করো।

ঙ) 'নিত্য যেথা/তুমি কর্ম চিন্তা আনন্দের নেতা— এ কথা কে কাকে বলেছেন? কথাটির তাৎপর্য ব্যাখ্যা করো।

চ) 'ভারততীর্থ' কবিতার মূল সুর কী? এই কবিতায় 'মহামানবের সাগরতীরে' বলতে কী বুঝিয়েছেন?


(পরের পাতায়)